Volume-IV, Issue-I, July 2022

ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)

BL College Journal

A Peer Reviewed Journal



Government Brajalal College
Khulna, Bangladesh

ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)

BL College Journal

A Peer Reviewed Journal

Volume -IV, Issue-I, July 2022

Government Brajalal College
Khulna, Bangladesh

ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV, Issue-I, July 2022

BL College Journal

A Peer Reviewed Journal

A Bi-lingual (Bangla-English) Research Journal

Half Yearly Publication of Government Brajalal College

Editor

Professor Sharif Atiquzzaman Principal, Government Brajalal College

Review Committee

Professor Dr. Khandakar Hamidul Islam	Head, Department of Islamic Histroy & Culture
Professor Dr. Khandakar Ahsanul Kabir	Head, Department of Physics
Dr. Md. Mizanur Rahman	Head, Associate Professor, Department of Social Work
Dr. Hosne Ara	Associate Professor, Department of Zoology
Shankar Kumar Mallick	Associate Professor, Department of Bangla
Roxana Khanam	Associate Professor, Department of English
Dr. Emanul Haque	Associate Professor, Department of Bangla Goenka College of Commerce & Business Administration, Kolkata, India
Amal Kumar Gain	Assistant Professor, Department of History
Rami Chakraborty	Assistant Professor, Department of Bangla Assam University, India
Dr. Md. Sarwar Hossain	Assistant Professor, Department of Mathematics

Mailing Address

Government Brajalal College, Daulatpur, Khulna-9200, Bangladesh
Phone : 0088-02477702944 email : infoblcollege@gmail.com
Website : www.blcollege.edu.bd

Printed by

Rabi Printing Press
27, Samsur Rahman Road, Khulna-9100, Bangladesh

© **Government Brajalal College, Khulna, Bangladesh**

ISSN : 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)

ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV, Issue-I, July 2022

Contents

বাংলা অংশ

- বিশ শতকের নির্বাচিত কবির কবিতায় নারীর নিজস্ব ভাষার বহুমাত্রিকতা
  সহেলী সামন্ত 07-20
- বৈষ্ণব পদাবলী সাহিত্যে চণ্ডীদাস বিতর্ক
  ড. সুদেষ্ণা বণিক 21-29
- অমর মিত্রের *ধুলোগ্রাম* : বাস্তুহীনের বিকল্প 'জামতলি'
  শ্রাবন্তী মজুমদার 30-38
- একক মাতৃত্ব এবং সেলিনা হোসেনের দুটি গল্প
  ড. প্রীতম চক্রবর্ত্তী 39-50
- নোয়াম চমস্কির অন্বয়তত্ত্ব ভাবনার কয়েকটি দিক ও বাংলা বাক্য
  ড. বিপ্লব দত্ত 51-62
- বাউল দর্শনে লালনের মানবতাবাদ : একটি পর্যালোচনা
  প্রেমানন্দ মণ্ডল 63-74
- পূর্ণেন্দুর মাধবী : প্রসঙ্গ কবিতা
  অমিত মণ্ডল 75-82
- চৈতন্যপূর্ববর্তী বৈষ্ণবসাহিত্যে দাস্যভাবনা বনাম চৈতন্য-পরবর্তী বৈষ্ণবসাহিত্যে দাস্যপ্রেম
  শেলী দত্ত 83-105

English Section

- Impacts of Active Learning on Students' Academic Performance at Undergraduate Level Zoology Classes
  Dr. S. M. Ali Ashraf 109-125
- On Some Characteristics of the Joint Distribution of Sample Variances
  M. Hafidz Omar and Anwar H. Joarder 126-139
- Study of Nanocrystallization Kinetics in $Fe_{73.5}Cu_1Nb_3Si_{13.5}B_9$ Finemet Type Alloy by Differential Thermal Analysis and Using Different Models
  Pritish Kumar Roy and Dr. Shibendra Shekher Sikder 140-155
- The Possibility of Participating Honour's Level Students in Insurance Sector as a Part of Financial Inclusion : A Practical Study
  Sonjit Shingha 156-171
- Marginalisation of Women on Caste
  A Subaltern Study of *Chandalika* and *Draupadi*
  Sharif Atiquzzaman 172-179

Government Brajalal College
Khulna
Bangladesh

BL College Journal

ISSN : 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV Issue-I
July 2022

ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV, Issue-I, July 2022

BL College Journal

A Peer Reviewed Journal

A Bi-lingual (Bangla-English) Research Journal
Half Yearly Publication of Government Brajalal College
July 2022

Published by

Government Brajalal College, Khulna, Bangladesh

Disclaimer

The opinions expressed in the articles published in this journal are the opinions of the authors. The members of the review committee, the editor or the publisher of the *BL College Journal* are in no way responsible for the opinions expressed by the authors or the conclusions deduced by them.

ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV, Issue-I, July 2022

Government
Brajalal College
Khulna
Bangladesh

BL College Journal

ISSN : 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV Issue-I
July 2022

BL College Journal

A Peer Reviewed Journal

Contents

বাংলা অংশ

- বিশ শতকের নির্বাচিত কবির কবিতায় নারীর নিজস্ব ভাষার বহুমাত্রিকতা
  সহেলী সামন্ত 07-20
- বৈষ্ণব পদাবলী সাহিত্যে চণ্ডীদাস বিতর্ক
  ড. সুদেষ্ণা বণিক 21-29
- অমর মিত্রের *ধুলোগ্রাম* : বাস্তুহীনের বিকল্প 'জামতলি'
  শ্রাবন্তী মজুমদার 30-38
- একক মাতৃত্ব এবং সেলিনা হোসেনের দুটি গল্প
  ড. প্রীতম চক্রবর্ত্তী 39-50
- নোয়াম চমস্কির অন্বয়তত্ত্ব ভাবনার কয়েকটি দিক ও বাংলা বাক্য
  ড. বিপ্লব দত্ত 51-62
- বাউল দর্শনে লালনের মানবতাবাদ : একটি পর্যালোচনা
  প্রেমানন্দ মণ্ডল 63-74
- পূর্ণেন্দুর মাধবী : প্রসঙ্গ কবিতা
  অমিত মণ্ডল 75-82
- চৈতন্যপূর্ববর্তী বৈষ্ণবসাহিত্যে দাস্যভাবনা বনাম চৈতন্য-পরবর্তী বৈষ্ণবসাহিত্যে দাস্যপ্রেম
  শেলী দত্ত 83-105

Volume -IV, Issue-I, July 2022

BL College Journal
Full PDF
www.blcollege.edu.bd
ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV, Issue-I, July 2022
Pp. 07-20

বিশ শতকের নির্বাচিত কবির কবিতায় নারীর নিজস্ব ভাষার বহুমাত্রিকতা

সহেলী সামন্ত

সহেলী সামন্ত
পিএইচডি গবেষক
বাংলা বিভাগ
রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত
e-mail: saheli.samanta2016@gmail.com

সারসংক্ষেপ

সমাজে নারীর অবস্থান, তার নিজস্ব জগৎ তৈরি করে, তৈরি করে তার নিজস্ব ভাষা (Women's Dialect)। পুরুষের চোখে নারীর কল্পনা নয়, নিজের ভাষায় নারীর নিজের বক্তব্য তুলে ধরার পর্ব শুরু হয়েছে। সেই ভাষা একটি নতুন পথ নির্মাণ করেছে। এই ভাষায় যেমন নারীর নিজস্ব অভিজ্ঞতা, বঞ্চনার কথা ব্যক্ত হয় তেমন বিচিত্র অভিমুখও চিত্রিত হয়। Laura Mulvey 1975 সালে 'Male Gaze Theory'র কথা বলেন। বাংলা কবিতায় এই Theory ভাঙার পর্ব শুরু হয়ে গিয়েছিল বহু আগেই। এই প্রবন্ধে বিশ শতকের নির্বাচিত চারজন কবি কবিতা সিংহ, নবনীতা দেবসেন, কেতকী কুশারী ডাইসন ও গীতা চট্টোপাধ্যায়ের কবিতার ভাব ও ভাষা দ্বারা, নারীর নিজস্ব ভাষার বিচিত্র স্বরূপ তুলে ধরা হয়েছে। কবিতা সিংহের কবিতার ভাষা তীক্ষ্ণ ক্ষুরধার, নবনীতা দেবসেনের কবিতাভাষা সংহত, কেতকী কুশারীর কবিতাভাষা আপাত সরল কিন্তু তীব্র অনুভূতিতে ঋদ্ধ, গীতা চট্টোপাধ্যায়ের কবিতাভাষা সংস্কৃতঘেঁষা প্রজ্ঞা ও মননের দীপ্তিতে উজ্জ্বল। নারীর নিজের ভাষা সমৃদ্ধ ও শক্তিশালী। বর্তমান প্রবন্ধে নির্বাচিত কবির কবিতাভাষা ও ভাবনার মধ্য দিয়ে নারীভাষার বহুমাত্রিক স্বরূপকে তুলে ধরা হয়েছে।

মূলশব্দ

নারীর নিজস্ব ভাষা, স্বরূপ ও বহুমাত্রিকতা, নির্বাচিত কবির কবিতা

ভূমিকা

বর্তমানে সমাজে প্রচলিত ভাষার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ হল নারীর ভাষা (Women's Dialect)। নারীর ভাষা তৈরি হয় তার সামাজিক অবস্থান থেকেই। এ জগৎ তার নিজস্ব সম্পদ। নারীর ভাষা তাই আলোচনার দাবী রাখে। সমৃদ্ধ এই ভাষাভাণ্ডারটি বিচিত্র অনুভূতিতে ঋদ্ধ। পিতৃতন্ত্রের নির্ধারিত প্রচলিত পথরেখার বাইরে

বেরিয়ে এই নতুন ভাষাপথটি নির্মিত হয়েছে। এই ভাষার মধ্যেও আবার রয়েছে বিভিন্নতা। নির্বাচিত কবির কবিতার ভাব ও ভাষার মধ্য দিয়ে নারীর নিজস্ব ভাষার ভিন্ন পরিসরকে খুঁজে দেখার প্রচেষ্টা আছে।

পদ্ধতি

প্রবন্ধটি ব্যাখ্যা ও বিশ্লেষণাত্মক। এখানে বিশ্লেষণধর্মী ও তুলনামূলক গবেষণা পদ্ধতিকে ব্যবহার করা হয়েছে। মাধ্যমিক তথ্য হিসাবে বিভিন্ন আকর গ্রন্থ ও সহায়ক গ্রন্থের সাহায্য নেওয়া হয়েছে।

বিশ্লেষণ

১.

নারী যে ভাষায় তার একান্ত নিজের মনের ভাব নিজের মতো ব্যক্ত করে তাকেই বলা হয় নারীর নিজস্ব-ভাষা। সমাজে নারীর অবস্থান তার স্বতন্ত্র জগৎ নির্মাণ করে। নারীর নিজস্ব এমন কিছু অনুভূতি, জিজ্ঞাসা বা সমস্যা আছে যা পুরুষের থেকে আলাদা। যার প্রতিক্রিয়া পড়ে তার সামাজিক ও মনস্তাত্ত্বিক আচরণে এবং তার প্রতিফলন দেখা যায় তার নিজস্ব ভাষায়। *Women's Dialect In Bengali* (1928) বইতে সুকুমার সেন বলেছেন-"Even from the earliest days in the history of mankind, women have a special environment of their own. Men and women have different spheres of occupation. This is true of every country and of every people.....

But though the languages of modern civilized peoples have no sex dialect proper, yet almost all of them preserve some characteristic idioms which are entirely, or almost entirely, confined to womenfolk …..

The origin of the different sex dialects or idioms lies in different psychologies of man and woman."[১]

অর্থাৎ- ক) অতীত ইতিহাসের দিকে তাকালে দেখা যায় নারীর একটি বিশেষ পরিসর ছিল, কর্মক্ষেত্রেও ভিন্নতা ছিল পুরুষের তুলনায়। এটি সব দেশ, কাল ও সময়ের নিরিখে সত্যি। খ) যদিও বর্তমান সময়ে আলাদাভাবে কোনো মহিলা বা পুরুষের লিঙ্গভাষা নেই, কিছু বিশেষ চরিত্র আজও রক্ষিত আছে নারীর কথ্যভাষায়। এবং গ) নারী ও পুরুষের লিঙ্গভাষার তারতম্য হয় মূলত ভিন্নধরনের মানসিকতা থেকে।

এই বইতে তিনি নারীর ভাষার কতগুলি প্রধান চরিত্রের কথাকেও উল্লেখ করেছেন–

ক) নারীর ভাষা পুরুষের ভাষার তুলনায় অনেক বেশি রক্ষণশীল (conservative) এবং প্রাচীন (archaic)।

খ) নারীর ভাষার মধ্যে যতখানি নিন্দার বিষয়বস্তু থাকে ততখানি কিন্তু যথাযথ শব্দ থাকে না, অতিকথন দোষে দুষ্ট হয়। পুরুষের তুলনায় নারীর ভাষা বেশি ভাবপ্রবণ (more emotional)।

গ) নারীর ভাষার অন্যতম একটি বৈশিষ্ট্য হিসাবে চিহ্নিত করেছেন শ্রুতিমাধুর্যকে (Euphemism)। নারীর ভাষার মধ্যে একটা গোপনীয়তা বা লাজুক বৈশিষ্ট্য থাকে যাকে সে তার ভাষায় লালিত করে।

ঘ) নারীর ভাষা কুসংস্কারাচ্ছন্ন (superstitious)। যদিও বর্তমানকালে সেই কুসংস্কার থেকে নারীরা বেরিয়ে আসছেন।

ঙ) পুরুষদের তুলনায় নারীর ভাষার শব্দসংখ্যা সীমিত (limited vocabulary)। পুরুষের ভাষায় অনেক নতুনত্ব আছে কিন্তু নারীর ভাষা প্রাচীনতায় পূর্ণ (Old vocabulary)।

চ) নারীর ভাষায় নিন্দা (Pejorative terms), বিদ্রূপ (smart taunts) এবং উপহাস (saucy ridicule) বেশি গুরুত্ব পায়।

দীর্ঘদিনের গবেষণার পর সুকুমার সেন নারীর ভাষার কতগুলি প্রধান চরিত্রের কথা বললেন, এর থেকে আমাদের নারীর ভাষার স্বরূপ সম্পর্কে ধারণা তৈরি হচ্ছে। তিনি বলেছেন ভিন্ন লিঙ্গভাষার কারণ হল, ভিন্ন মানসিকতা বা 'different psychology'।

এই ভিন্ন মানসিকতা তৈরি হয় কিভাবে? তার ব্যাখ্যা পাই *Language And Woman's Place* (1975) Robin Tolmach Lakoff এর বইতে - "I think, that women experience linguistic discrimination in two ways, in the way they are taught to use language, and in the way general language use treats them. Both tend, as we shall see, to relegate women to certain subservient functions : that of sex object, or servant ; and therefore certain lexical items mean one thing applied to men, another to women, a difference that can not be predicted except with reference to the different roles the sexes play in society." [২]

ভাষাগত বৈষম্যের দুটি পথ - প্রথমত, নারী তার অভিজ্ঞতা অনুযায়ী যেভাবে ভাষাকে ব্যবহার করে এবং দ্বিতীয়ত, সমাজে নারী যেভাবে লালিত হয় সেই অবস্থানও ভাষা নিয়ন্ত্রণ করে। তাই নারীর ভাষা প্রসঙ্গে এই দুটি দিকই বেশ গুরুত্বপূর্ণ।

দুটি ধারণা আমরা পেলাম-একটি বাংলায় নারীদের ভাষা সম্পর্কিত দীর্ঘ গবেষণার ফল এবং অপরটি আমেরিকার নারীদের ভাষার উপর লিঙ্গের প্রভাব বিষয়ক প্রস্তাব থেকে গৃহীত। তবে দুটি ভাবনা থেকে নারীর নিজস্ব ভাষার স্বরূপ জানা গেল। বাংলা কবিতায় নারী ভাষার বিচিত্র রূপ আছে, নারীর নিজস্ব কণ্ঠস্বর বহু আগেই শোনা গিয়েছিল। পঞ্চদশ শতাব্দীর রামী, সপ্তদশ শতাব্দীর চন্দ্রাবতী হয়ে উনিশ শতকে একাধিক মহিলা কবির কথা জানতে পারি - কৃষ্ণকুমারী চট্টোপাধ্যায়, স্বর্ণকুমারী দেবীর কথা। এছাড়াও পাই গিরিন্দ্রমোহিনী দাসী, কামিনী রায়, মানকুমারী বসু, প্রিয়ম্বদা দেবী, কুসুমকুমারী দাশ প্রমুখেরা। গীতিকবিতার যুগ শেষ করে কবিতার যুগে ধীরে ধীরে তার অনুপ্রবেশ ঘটেছে। বিশ শতকের অন্যতম বিখ্যাত কবি বুদ্ধদেব বসুর 'কবিতা' পত্রিকার হাত ধরে আবির্ভাব রাজলক্ষ্মী দেবীর। এতদিনের প্রচলিত পুরুষ নির্মিত ভাষা, ভাব, আঙ্গিক ও বিষয়বস্তুকে বাদ দিয়ে নিজস্ব ভাষা নির্মাণ পর্ব শুরু হল। এর বহুবছর পরে ১৯৭৫ সালে ব্রিটিশ নারীবাদী সিনেমা তাত্ত্বিক Laura Malvey তাঁর *Visual Pleasure And Narrative Cinema* বইতে 'Male gaze' কথাটিকে ব্যবহার করেছেন। যেখানে তিনি লিঙ্গগত বৈষম্য বিষয়ক দুটি পৃথক শ্রেণির কথা বলেন- 'Active Male' এবং

'Passive Female'। নারীকে নিষ্ক্রিয়, পুরুষের কল্পনার বিষয় হিসাবেই এতদিন ভাবা হত। এই 'Male gaze' ভাঙার পথ তৈরি হয়ে যায় বহু আগে থেকেই। নারী তার নিজস্ব ভাবনায় নিজস্ব ভাষাকে সমৃদ্ধ করে। পূর্ববর্তী মহিলা কবিদের কলমে উঠে এসেছিল অন্তঃপুর জীবনের রুদ্ধশ্বাস, শোকগাথা, আনন্দ, বিষাদ ও প্রেমানুভূতির সহজ স্বীকারোক্তি। রাজলক্ষ্মী দেবী প্রথম বাংলা কবিতায় সেই নারীর স্বকীয় ভাষার নির্মাতা, যার পূর্ণপ্রতিষ্ঠা হয়েছিল কবিতা সিংহের হাতে। তারপর ধীরে ধীরে একাধিক কবির কলমে এই ভাষা ভিন্নমাত্রা লাভ করছে, এই ভাষা নতুন ও বর্ণময়।

২.

ক) কবিতা সিংহের কবিতা

বিশ শতকের পাঁচের দশকের একজন অন্যতম কবি কবিতা সিংহ। তাঁর কবিতার কেন্দ্রবিন্দু, নারী। যিনি কবিতা শুরু করলেন 'না' দিয়ে–

> "না, আমি হব না মোম
> আমাকে জ্বালিয়ে ঘরে তুমি লিখবে না।
> হবো না শিমুল শস্য সোনালী নরম
> বালিশের কবোষ্ণ গরম।" [৩]

এতদিন নারী ছিল কবির কল্পনার বিষয় বা subject, সেই নারী আজ নিজে কথা বলছে, প্রত্যাখ্যান করছে প্রচলিত কাঠামোটিকে। সে নিজে তার সৃজনী সত্তাকে আশ্রয় করে চেনাপথ থেকে বেরিয়ে এসে নিজস্ব পথ নির্মাণ করছে।

সদ্য পরাধীনতা থেকে মুক্তি পাওয়া ভারতবর্ষ, বিপর্যস্ত জনজীবনের সত্তার গভীরে যখন চলছিল আত্মপ্রতিষ্ঠার লড়াই, স্বাধীনচেতা নারীরা তখন ঘরের চৌহদ্দি থেকে পা রাখছে কাজের জগতে, আর্থিক সংকট যার অন্যতম কারণ। এমন সময় বাংলা কবিতায় মূর্ত বিদ্রোহিনী কবিতা সিংহের আবির্ভাব।

'না', কেবল একটি উচ্চারণ নয়, প্রতিবাদ, ফিরে দাঁড়ানোর ধ্বনি। সেই ধ্বনি প্রতিধ্বনিত হয়েছে পরবর্তীকালের একাধিক কবির কবিতায়। আসলে এই প্রত্যাখ্যানের সুর ভিন্নমাত্রায়, ভিন্নসুরে ভিন্ন কবির মানসলোকের অন্তর্গত ফসল হয়ে চিত্রিত হয়েছে। কবিতা সিংহের নিজের কবিতাতেই 'না' ভিন্নমাত্রায় ব্যবহৃত হয়েছে। কয়েক প্রজন্ম বাহিত বঞ্চনার নির্যাস, সমাজে নারীর অবস্থানগত বৈষম্য, ব্যক্তিগত অভিজ্ঞতা, সাম্য সমাজের প্রত্যাশা, বোধের সর্বোচ্চ মাত্রাকে স্পর্শ করেছে তাঁর কবিতা।

কবিতা সিংহের চিত্রিত নারীসত্তাটি ঠিক কেমন?

> "অজস্র ছুরিকাঘাত তবু সে রানির মতো স্থির
> দুহাত বুকেতে চিকে, রক্ত ধারা হাজারো ফিনিক
> গুপ্তঘাতকের মুখ, বিষাক্ত আকর্ণ টান তীর
> তবু তার পিঠ নয়, সারা বুক বিদ্ধ করে দিক।"[৪]

যখন কবিতা সিংহ লিখছেন, তখনও পর্যন্ত মহিলার কবিতা লেখা ভালো চোখে দেখা হত না বা গ্রহণযোগ্যতাতেও বহু সমস্যা ছিল। ঈর্ষা, নিন্দা, সমালোচনা সবকিছুই দেখতে হয়েছে, তবুও থেমে থাকেননি, চোখে চোখ রেখে সাহসের সঙ্গে কথা বলে গেছেন। নারীর দুঃখ, বঞ্চনার ইতিহাসকে সোচ্চারে কবিতায় প্রকাশ করেছেন। চেনা পৃথিবীর গণ্ডী ছাড়িয়ে নারী ধীরে ধীরে 'সব হিসেবের বাইরে' চলে যায়–

"জ্বলন্ত রমণী যায় নাগালের, শুশ্রূষার সম্পূর্ণ বাহিরে।

বুকের উপরে তার রক্ত শোষে ঐতিহ্যের জোঁক
অকালে নিহত তার মাতাময়ী রোগ রেখে গেছে
ক্রুদ্ধ রক্তচাপ ওঠে, অগ্নি বমন ওঠে, রক্তকণা বাহিত ফোয়ারা
বুকের তলায় তার মাথা কোটে জননীর বহ্নি কর্কট,
সেই দুঃখ, সেই রোগ, সেই নীল অঘোর-বঞ্চনা
সংসার সমাজ থেকে নিয়ে যায় খসায়ে তাহাকে

অনলবর্ষিণী যায়, তীব্র অশ্বে শুশ্রূষার, নাগালের, সম্পূর্ণ বাহিরে।"[৫]

কবিতা সিংহের কবিতার ভাষা এমনই ধারালো। অকালে মৃত পূর্বনারীরা তাঁর রক্তে আলোড়ন তোলে, তাঁর কবিতার ভাষাকে শানিত করে। শুধু পরিবার নয় সমাজেও এমন অগাধ উদাহরণ ছিল, যার উত্তর খুঁজতে চেয়েছেন কবি। ক্রমাগত 'অদ্ভুত হীনতা' থেকে 'চরিত্রের দিকে' উপনীত হচ্ছে তাঁর নারীসত্তাটি। আত্মনির্মাণের পর্বে পৌঁছে গেছে সে, এই যাত্রাপথের Transformation বা রূপান্তরটিকে স্পষ্ট ভাষায় বলেছেন–

"কার সঙ্গে কথা বলো? আমি ত কবেই চলে গেছি!
যে ভাবে নারীরা যায় শব্দহীন চালচিত্র ছিঁড়ে
দেহ থেকে খসায়ে শিঞ্জিনী, ধ্বনিমায়া
হাট করে চলে যায় ভ্রূমধ্য টিপের লাল খিড়কি দরোজা
যে ভাবে নারীরা যায় অদ্ভুত হীনতা থেকে চরিত্রের দিকে।

সঙ্গবিহীন একা, নিজের আঁতুড়ে
আপন মৃত্তিকা ছেনে নিজের নির্মাণে।" [৬]

কবিতা সিংহের কবিতাভাষার তীব্রতা লক্ষ করি বেশ কয়েকটি কবিতায়– 'স্বয়ংক্রিয়' কবিতায় ১৯৬৬ সালের কুমারী মালতী মিত্রের সেকেন্ড হ্যান্ড 'পুরুষ বিকল্প' বা 'বিকল্প পুরুষ' কেনার কথা বলেছেন–

"একশো চুম্বন পাবে এই লাল স্যুইচ জ্বালালে
চারশত তোষামোদ কবিতার উদ্ধৃতি সমেত
আলিঙ্গন / যৌনক্রিয়া / মুগ্ধ চোখে চেয়ে থাকা
খয়ের গোলাপী নীল
এই সব বিবিধ বোতামে।"[৭]

পুরুষের ব্যবহারে অতিষ্ট নারী 'বিকল্প পুরুষ' এর কথা ভাবছে। মানুষ নয়, যন্ত্রের কাছে ভরসা রাখছে সে। স্বয়ংক্রিয় যন্ত্রটি নারীর প্রত্যাশিত সমস্ত আবদার পূরণ করে দেবে। ১৯৬৬ সালে দাঁড়িয়ে এমনভাবে কবিতার ভাষা উচ্চারণ করতে পারেন কবিতা সিংহ। কিংবা, 'এস্‌টাব্লিশমেন্ট' কবিতায় anti-establishment বিষয়কে প্রতিষ্ঠা করেছেন–

"তখন নিজেকে এক সম্রাজ্ঞীর মতো মনে করে
মনে হয়, তোমাকে নিক্ষেপ করি দাসীদের আহ্লাদী সভায়!
কিম্ভূত রগড় দেখি।" [৮]

পুরুষকে দাসীসভায় নিক্ষেপ করার চিন্তা দ্বারা এভাবে বিপরীত ভাবনার তীক্ষ্ণ বাক্যবাণে পিতৃতন্ত্রকে (Patriarchy) সজোরে আঘাত করেছেন।

খ) নবনীতা দেবসেনের কবিতা

বিশ শতকের পাঁচের দশকের অন্যতম কবি নবনীতা দেবসেন। তাঁর কবিতা ভাষায় একটা স্বাভাবিকতা আছে। সেই স্বাভাবিকতার মধ্যেও তিনি স্পষ্টভাষায় নারী-পুরুষের প্রকৃত অবস্থানের কথাকে ব্যক্ত করেছেন। প্রেম ও প্রেমহীনতার বেদনা ভিন্নভাবে কবিতা হয়ে এসেছে। ১৯৬৪ সালের ৯ মে লিখছেন 'ছুটি' কবিতাটি। যে নারীসত্তাটি তার সর্বস্ব দেয় প্রেমের জন্য, তার প্রাপ্তি কি থাকে? ছুটি বা প্রত্যাখ্যান। প্রেমে উন্মুখ সত্তাটি যখন প্রিয় মানুষের অন্তর থেকে ছুটি পায় তখনও কোনো তীক্ষ্ণ বাক্যমালা নেই, অন্তর্গত বেদনায়, অভিমানে পরিস্ফুট। নবনীতা দেবসেনের কবিতায় বেদনার বহিঃপ্রকাশ ঘটেছে সংযত শব্দমালায়। 'পুষ্পিত প্রহার' কবিতায় বলেছেন–

"তুমি মেরেছিলে ব'লে আজ আমার ফুলন্ত বাগান।
প্রতিটি আঘাত কাঁপে কণ্টকিত কেতকীর ঝাড়ে
গোলোক চাঁপায় ঝরে সকালের অশ্রুজল যত
শোণিতাক্ত কৃষ্ণচূড়া জ্ব'লে ওঠে বসন্তবাহারে।

কোনোখানে লেখা নেই সেদিনের বিস্মৃত বানান
সমস্ত বেদনা এক পুষ্পময় প্রহারে সংহত।" [৯]

তাঁর কাছে 'সমস্ত বাস্তব / একটি তরঙ্গতৃপ্ত সমুদ্রের স্তব'। অন্তর্গত একাকী সত্তার প্রকাশেও একটা আড়াল রাখছেন। নিজের জীবনের দুঃখকথাকে একেবারে উদোম করেননি।

'দিগ্বিজয়ের রূপকথা' কবিতায় কবি 'আশীর্বাদ দুটি সরঞ্জাম' হিসাবে চিহ্নিত করেছেন– 'বিশ্বাস' ও 'ভালোবাসা' কে। তবে তাঁর শেষপর্বের কবিতাগুলোতে আছে একাধিক নারীসত্তা। 'ধ্বান্তারিং সর্বপাপঘ্নম্' কবিতায় কুন্তীর প্রত্যাশার মধ্যে নিহিত আছে প্রতিবাদ। যে কুন্তী একদিন লোকলজ্জার ভয়ে সন্তান বিসর্জন দিয়েছিল। আজ আর সে ভয় পায় না, বরং পুত্র কামনা করে সূর্যদেবের কাছে। নবনীতা দেবসেনের নারীসত্তাটিও ঠিক আজকের কুন্তীর মতোই পরিণত। কিংবা ১৯৭১ সালে 'স্বামীর জন্য টাট্‌কা স্যালাড' কবিতাটি শ্রীমতী জারমেইন গ্রীয়রকে

উদ্দেশ্য করে লেখা। এখানেও আছে তীব্র শ্লেষ। পল দু ফেউ কে বিষমুক্ত করে সতেজ জীবনীশক্তি দিয়ে বাঁচিয়ে ১৯৬৮ সালে বিয়ে করলেও, স্থায়ী হয়নি বিয়ে, মাত্র তিন সপ্তাহ টিকে ছিল। বিশ্বাসভঙ্গই একমাত্র প্রাপ্তি ঘটে। কিন্তু গ্রীয়র থামলেন না ১৯৭০ সালে জন্ম নিল তাঁর বিখ্যাত বই- *The Female Unuch* যা সারা পৃথিবীতে সাড়া ফেলে দিয়েছিল। ভালোবাসার আর এক আয়না তুলে ধরেন মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের কুসুম এর কথা দিয়ে, বা 'পুতনার প্রতি' কবিতায়ও উঠে আসে তাঁর প্রতিবাদী অক্ষরমালা। পুতনা কংসের ভাড়াটে দানবী, যার দ্বারা শিশুকৃষ্ণকে হত্যার পরিকল্পনা ছিল। যে তার বিষদুগ্ধ দ্বারা কৃষ্ণকে হত্যা করতে পারেনি বরং নিজের প্রাণ দিল। পুতনা 'Evil Spirit' এর মিথ হল। কবির প্রশ্ন শিশুকৃষ্ণের বিষমাখা দাঁত তো কম দায়ী নয়। নশ্বরী দানবী পুতনারা ব্যবহৃত হয়ে প্রাণ দেয় আর শিশুকৃষ্ণ বিষমাখা দাঁতেও 'মৃত্যুহীন দেবতা' রূপে পূজিত হয়। তাহলে সমাজে পুতনাদের প্রকৃত অবস্থান ঠিক কোথায়?

২০০১ সালে লেখা 'নাজমা', তাঁর অন্যতম একটি বিখ্যাত কবিতা। সাম্প্রদায়িক দাঙ্গায় সদ্যস্বামীহারা নাজমার দেহে আগামীর ভ্রূণ। দলাপাকানো মাংসপিণ্ড হয়ে স্বামী যখন ফিরে আসে তখনও সরস্বতী বোনরা স্বপ্ন দেখায়–

"নাজমা, তোমার নির্জলা চোখ, জানি-
কিন্তু এবার বুক ভেসে যাক দুধে
নতুন মানুষ আসছে তোমার কোলে

আমরা ওকে অন্য জগৎ দেব" [১০]

নাজমারা হয়তো এই 'অন্য জগৎ' এর প্রত্যাশায় পুনরায় বাঁচার স্বপ্ন দেখে।

একটি 'ধর্ষণরাত্রির স্মৃতি'কে সামনে রেখে নারী ও পুরুষের দৃষ্টিভঙ্গির আকাশপাতাল তফাৎকে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিতেও ছাড়েন না নবনীতা দেবসেন–

"পুরুষ : ওইদিন সন্ধ্যারাতে কোকিলের স্বর
নারী : ওইদিন চন্দ্রহীন রাত্রি দ্বিপ্রহর

পুরুষ : শাল পিয়ালের বনে পরী নেমেছিলো
নারী : সুন্দরীকাঠের বনে ব্যাঘ্র এসেছিলো

পুরুষ : জ্যোৎস্নামাখা বসন্ত বাতাসে
নারী : রক্তাক্ত উচ্ছিষ্ট পড়ে আছে।।" [১১]

যে রাতটি পুরুষটির কাছে বসন্তের বাতাসমাখা সুন্দর আবহ, নারীটির কাছে সেই রাত এক অভিশপ্ত অমাবস্যা হয়ে আসে। কবি নবনীতা এইভাবে দ্বৈত ভাবনার অন্তর্গত বুনোটে চিত্রিত করে দেন পুরুষ ও নারীর প্রকৃত অবস্থানটিকে। তাঁর কবিতার শব্দমালা যথেষ্ট শক্তিশালী। আপাত স্নিগ্ধতার মোড়কে অনুভবের প্রগাঢ় কথামালা অনন্ত স্ফুলিঙ্গে সমান্বিত হয়ে আছে।

গ) কেতকী কুশারী ডাইসনের কবিতা

বিশ শতকের ছয়ের দশক থেকে কেতকী কুশারী ডাইসনের লেখা কলকাতার পত্র-পত্রিকায় প্রকাশিত হয়। তিনি কলকাতায় জন্মগ্রহণ করলেও পড়াশোনা করেন অক্সফোর্ডে এবং বিবাহসূত্রে তিনি ইংল্যান্ডের বাসিন্দা। তবে বাংলা ও ইংরেজিতে লেখেন। তাঁর কবিতা বাংলা কবিতার জগতে একটি ভিন্ন মাত্রা আনে। তাঁর কবিতায় আমরা পাই প্রকৃতি ও বৃক্ষের প্রতি তীব্র সহানুভূতির প্রগাঢ় স্পন্দন, বিশ্ববন্দিত নানান বার্তা, নারীসত্তার বিচিত্র কারুকাজ - তিনি ধিক্কার জানান, ব্যঙ্গ করেন, প্রশ্নবাণ ছুঁড়ে দেন, কোথাও বিব্রত হন, অনুপ্রেরণা পান। তবে তাঁর কবিতার নারী বিশ্বখ্যাতির আসনে অবস্থিত। ভাষার সারল্যে, অনুভূতির সুগভীর অনুরণনে তাঁর কবিতাগুলি চিত্রিত হয়েছে। আবার কবিতার ভাষায় উঠে আসে বিভিন্ন ভাবনা - ঐতিহ্যের অনুসন্ধানে প্রয়াসী আবার কোথাও আছে পরিবেশ রক্ষায় সচেতনতা। কোনো কবিতায় আছে শৈশবের মেহেরপুরের স্মৃতি, শিকড়ের টান খোদিত হয় কবিতার অক্ষরমালায়। 'পিছুটান' কবিতায় বলেন–

> "আজ মনে পড়ে
> শীর্ণা ভৈরবীর তীরে ছোট মহকুমা, ছোট বাড়িখানি।
> দেওয়াল সিমেন্ট-ওঠা, কোথাও মলিন।
> ভোরের শিশিরে ভেজা নরম সবুজ মাঠে দোপাটির ঝরা পাপড়ি,
> রাশি রাশি কাঠমল্লিকা,
> লাল লঙ্কার চারা চিকণ পাতার ভারে ঢাকা।" [১২]

সেই স্মৃতি যখন প্রবল হয় তখন অন্তর্গত অনুভবের সংবেদন দ্বারা তিনি দেশকে দেখেন। তাঁর কবিতায় নারীসত্তা কখনও নালন্দার আরোগ্যভবনের প্রাচীরের নীচে থাকা নিঃস্ব জনপদ থেকে উঠে এসেছে। 'নালন্দার পথে' কবিতায় আছে সেই অস্থিসার, অবগুণ্ঠনবতী নারী - যে ছোট একটি পুষ্করিণীর প্রান্তে ভিক্ষাপাত্র নিয়ে অনেক ধৈর্য ধরে অপেক্ষা করে, তার চোখদুটি কোটর নির্গত এবং সাদা নিশ্চল পাথরের মতো। এই মুখটি কবিকে তাড়িত করে, তিনি বলেন–

> "..... অন্ত্রের অভ্যন্তরটা কিরকম ঘুলিয়ে
> ওঠে, আর গৌতমের গৃহত্যাগ স্মরণে আসে। যখনই এ পথে যাই, ভাবি,
> এখন বোধ হয় সে থাকবে না; কিন্তু প্রত্যেকবারই তাকে দেখা গেছে।" [১৩]

দূর-দূরান্তর থেকে জ্ঞানার্থীরা আসেন নালন্দায় জ্ঞানলাভ করার জন্য কিন্তু কবি বলেছেন 'আমার অন্তঃসলিল চৈতন্যের সহস্র সংশয় ও জিজ্ঞাসা' নির্বান্ধব ঐ মানবীটির বিপন্ন অস্তিত্বের দিকে ছুটে যায়। গৌতম বুদ্ধ বৌদ্ধ ধর্মের প্রবর্তক। বৌদ্ধরা তাঁকে দিব্য শিক্ষক মনে করেন, যিনি নিজের অন্তর্দৃষ্টির কথা সকলকে জানিয়ে চেতন সত্তার পুনর্জন্ম ও দুঃখের সমাপ্তি ঘটাতে সাহায্য করেছেন। কবি যখন নালন্দার পথে ঐ অসহায় নারীকে দেখেন তখন তাঁর মনে হয়, গৌতম বুদ্ধ যা বোঝাতে চেয়েছিলেন তা স্বচ্ছ ক'রে বুঝিয়ে যেতে পারেন নি - 'কিছু আবিল জলরাশি রয়ে গেছে।' ঐ নারীটির তো দুঃখের সমাপ্তি হয় নি। এইভাবে কবি কেতকী, নিজের অন্তর্দৃষ্টির ছোঁয়ায় বাস্তব থেকে তুলে আনেন ভাবনার বিষয়। নিজস্ব মনন ও প্রজ্ঞার দীপ্তিতে যা আলোকিত হয় কবিতা রূপে।

১৯৮০ সালে 'সবীজ পৃথিবী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'ঘর' কবিতাটি লেখেন তিনি। দুর্গাপুরের গান্ধীমোড়ে পর-পর দু-দিন এক যুবতী ভিখারিনিকে দেখেছিলেন, যে বিড়ি খেতে খেতে গভীরভাবে কোনো বিষয় ভাবছিল। সেই চাহনি কবি কেতকীকে ভাবায়, কোনো প্রশ্নের উত্তর খুঁজতে চেষ্টা করায়। তিনি বলেন–

"আচ্ছা, আমার কি কোনো কালে কোনো ঘর ছিলো
সদরে বা অন্দরে ?"[১৪]

একটি দৃশ্য, এতো বড়ো একটা প্রশ্ন তৈরি করে। এই লেখার প্রায় পঞ্চাশ বছর আগে Adeline Verginia Woolf একজন ইংরেজ লেখিকা তাঁর *A Room Of One's Own* লিখেছিলেন (১৯২৯)। কবিতা সিংহ ১৯৭৭, ১৯ ফেব্রুয়ারি 'দেশ' পত্রিকায় লিখেছেন 'আমাদের ঘর চাই'। সত্যিই নারীর নিজের ঘর কি আছে কোথাও? এই গভীর জিজ্ঞাসা আছে। ভার্জিনিয়া উল্‌ফ এক সভায় সোচ্চারে ঘোষণা করেছিলেন সৃজনশীল নারীর নিজস্ব ঘর প্রয়োজন। কবিতা সিংহ তীব্র বাক্যবাণে একাধিক কারণ দেখিয়ে বললেন 'আমাদের ঘর চাই'। আর কেতকী এক তরুণী যুবতী ভিখারিনির চোখ দিয়ে সমাজের দিকে তাকালেন এবং পরিষ্কার বুঝিয়ে দিলেন নারীর নিজস্ব কোনো ঘর কোনো কালেই ছিল না।

কিংবা পাউডারের টিনের বাক্সে একটি মেয়ের মুখ তাঁকে বিব্রত করে। বিজ্ঞাপিত নারীদেহ সম্পর্কে যে ধারণা আছে সেই ধারণাটিকে সজোরে ধাক্কা দিলেন। যে মেয়েটির মুখ এখানে দেখানো হল সে তার সর্বস্ব দেয় নি, সেও খোলা চোখে এই পৃথিবীটাকে দেখছে। প্রয়োজনবোধে সে নিজেকে প্রকাশ করছে। এই জায়গায় কবি কেতকীর মোক্ষম জবাব আছে। কেবল মেয়েটি object নয়, সস্তার 'spice girl' নয়, বিপণনের সামগ্রী নয়, তারও মস্তিষ্ক আছে সেও পৃথিবীকে দেখে। কবি কেতকীর কবিতা লেখার এটি একটি বিশেষ রীতি। কোনো একটি সাধারণ বিষয়বস্তুকে নিজের প্রজ্ঞার স্পর্শে সোনা করে তোলেন, একটি Text তৈরি করেন। 'একটি খবর প'ড়ে' কবিতায় বাংলাদেশের বন্যায় ভেসে আসা একটি কিশোরীর মৃতদেহকে দেখে, তার সঙ্গে নিজের ভাবনাকে সমান্বিত করে নারীর অবস্থানকে চিত্রিত করেন। বেঁচে থেকে যে নারীর নিজের কোনো ঘর থাকে না, মৃত্যুর পরেও সে মাটি পেল না। কবি বলেন–

"পাণ্ডুর তোমার মুখটি, অকলঙ্ক -
নালফুল,
ছিন্নমূল, ভেলাসর্বস্ব,
অজাত বিশ্বের
ভ্রূণ, ভ্রাম্যমাণ,
অস্তিত্বের অন্বেষণে
সহোদরা।"[১৫]

এই কিশোরীটি যেমন ছিন্নমূল, তার পায়ের নীচের মাটি নেই সে আজ অস্তিত্বের সংকটে আছে। ঠিক কবিও নিজের সত্তাকে সমান্বিত করে বিদেশের মাটিতে থেকে একই রকম নিজের অস্তিত্বের অন্বেষণ চালিয়ে যাচ্ছেন। তাই 'সহোদরা' বলেছেন মেয়েটিকে। এ তো নারীসত্তার প্রকৃত অস্তিত্বের প্রশ্নকেও তোলে। সমাজে নারীর

প্রকৃত অবস্থান কোথায়? কোথায় তার 'মাটি'? সেও তো 'ছিন্নমূল', 'ভ্রাম্যমাণ', 'অজাত বিশ্বের ভ্রূণ' ধারণকারী, 'নালফুলে'র মতো। যে সত্তাটি শিকড়ের টানে মাটি খোঁজে প্রতিনিয়ত। এভাবে চেতনার গভীরে নাড়া দেয় কেতকীর কবিতার ভাষা। বাইবেলের প্রথম মানব-মানবী আদম-ইভের কাহিনির নতুন ব্যাখ্যা করলেন কবি কেতকী–

"অদৃষ্টের নব আদম,
বিস্মৃত সুকৃতের সাধন,
চুরমার পানপাত্র
জোড়া-দেওয়া তিল তিল ক'রে;
আজও তার হাতে আমার
দেওয়া হয়নি সে-আপেল
যা লাল হয় আমার জঙ্গলে
আর ঝ'রে পড়ে।"[১৬]

বাইবেলে পৃথিবীর প্রথম মানব-মানবী আদম ইভের কথা আছে। জ্ঞানবৃক্ষের ফল আপেলের রূপকে যৌনতার স্পর্শে আদম ও ইভের স্বর্গচ্যুত হয়ে দুঃখময় মানবজীবন লাভ করার কাহিনি আমরা জানি। আদম ঈশ্বরের প্রথম সৃষ্টি। ইভ, আদমের পাঁজর থেকে তৈরি, দ্বিতীয় নির্মাণ। ইভের যৌন কামনায় এই পতন। এই কাহিনির নব নির্মাণ করলেন কবি কেতকী, তিনি তাঁর ইভকে দিয়ে সেই ভুল করালেন না। ইভের যৌনআকর্ষণকে বাঁচিয়ে রাখলেন। ইভের কান্না বেঁচে থাকে আজীবন। তাঁর ইভ যৌনতার সুখ আদমের কাছ থেকে প্রত্যাশা করে না। আর স্বর্গকে অপবিত্র করার ভয় নেই। একলা ইভ বাঁচতে পারে। কেতকী আলোকপাত করেন অন্য গুরুত্বপূর্ণ বিষয়ের দিকেও। ভারতবর্ষের নিজস্ব ঐতিহ্য তাঁতের শাড়ি। নিজস্ব গৌরবকে ভুলে বিদেশী বহুমূল্য বস্ত্রে মজে থাকা ভারতের কথা বলেন 'ফিরিঙ্গি বণিকদের প্রেতাত্মাদের জবানবন্দি' কবিতায়। তাঁর কবিতায় উঠে এসেছে আরও ভয়ংকর সমস্যার চিত্র। সমুদ্রের জলে তেলের ভয়ানক প্রভাব, কবিতার নাম 'বার্তা'। এই কবিতার মধ্য দিয়ে কবি কেতকীর পরিবেশের প্রতিও সংবেদী চিত্তের প্রতিভাস ফুটে ওঠে।

ঘ) গীতা চট্টোপাধ্যায়ের কবিতা

বিশ শতকের সাতের দশকের উল্লেখযোগ্য কবি গীতা চট্টোপাধ্যায়। প্রচারবিমুখ মানুষটির কবিসত্তা সত্যিই বিরল প্রতিভামুখী। তিনি নিজের 'কবিতাসংগ্রহ' এর 'ভূর্জপত্রে' কবিতা সম্পর্কে বলেছেন– "আমার কাছে কিন্তু কবিতাই গোবিন্দ গোবিন্দই কবিতা। ভগবদ্ গীতার ভাষায় 'যং লব্ধ্বা চাপরং লাভং / মন্যতে নাধিকং ততঃ'। যা পেলে আর কিছুই পাবার নেই আমার কাছে তা কবিতা।"[১৭]

১৯৭৫ সালের ২৮ এপ্রিল তারিখে লিখেছেন 'মনসার সর্পসজ্জা' কবিতাটি। যেখানে মনসার সর্পসাজের সঙ্গে কবিতার স্বরূপের মিল খোঁজেন। মনসা কশ্যপ মুনির মানসজাত, স্বয়ম্ভু, শিবদুহিতা, জরৎকারুর পত্নী, আস্তিকের মাতা। তার কণ্ঠমূলে সাপের সুতলি, শ্বেতনাগ পাহারা দেয়, কপালে অনন্তনাগের মুকুট, বেতনাগ নাভি বেষ্টন করে আছে, পায়ে মকরনাগ, মেরুদণ্ডে হেমন্তনাগ ইত্যাদি। দেবী মনসা বিষহরণ করে তাঁর অমৃতনেত্রে জগৎ কল্যাণ করেন। নিজস্ব গোপনকথা, দুঃখ, কষ্ট, লজ্জাগুলোই তো কবির অন্তর্লোকের জাদুকাঠির ছোঁয়ায়

মানসজাত গরলমুক্ত হয়ে আন্তরিক শুভবোধের উৎস, কবিতা হয়ে ওঠে। এই সর্পগুলি আসলে কেবল মনসার সাজ নয়, অন্তর্লোক বিশুদ্ধিকরণও ঘটে এদের দ্বারা। শব্দ থেকে রূপকল্প, সংকেত, ইমেজ, বোধের চারুতায় কবিতার জন্ম। মনসার সাজ শিল্পময় ও গুরুত্বপূর্ণ, কবিতাও শিল্প সমৃদ্ধ।

"দর্পণে নিজস্ব কথা, লজ্জা শঙ্কা গোপনতা, গরল উজাড় করে স্নেহে
হেসে ওঠে মনসার মতো শিল্পকারুকৃতি সেই সর্পভরণা কবিতা -
বিষনয়নের তীর যার বুকে বেঁধে, শব্দ-জর্জরিত সে-নষ্ট কবিকে,
বাঁচায় অমৃত-নেত্রে বিষতন্ত্রময়ী দেবী সর্বাত্মিকা প্রসারিণী দেহে।"[১৮]

কবিসত্তা কখনও বিপাশা নদীর তীরের গায়ক হয়ে নিঃসঙ্গ সন্ধ্যায় খোঁজেন সেই নারী সত্তাকে। এই গায়ক 'বিস্মিত কুমারী', 'স্বতন্ত্র কুমারী', 'নিঃশব্দ কুমারী সত্তার প্রয়াসী। সন্ধ্যাই কুমারীর বেশে 'সন্ধ্যার সংগীত' রচনা করে যায়। প্রকৃতি ও নারী যেন এক অভিন্ন সত্তা। ১৯৭৫ খ্রিস্টাব্দের ৮ মার্চকে আন্তর্জাতিক স্বীকৃতি দেয় জাতিসংঘ। এরপর থেকে সারা পৃথিবীতে এই দিনটি পালিত হয় নারীর সমঅধিকার আদায়ের প্রত্যয়কে ব্যক্ত করার উদ্দেশ্যে। সারা বিশ্ব যখন ১৯৭৫ সালটিকে সাড়ম্বরে পালন করছে, সেই বছরই কবি গীতা চট্টোপাধ্যায় লেখেন 'ঘর হইতে আঙিনা বিদেশ' এর মতো কবিতা। তাঁর কবিতার নারী দিনের শেষে ভরাকলসি জল নিয়ে পা পিছলে পড়ে গিয়ে রক্তাক্ত হলেও সেই চিহ্নকে গোপন করে আত্মঅনুরাগে, তার চোখে তখনও নতুন আলোক লাগেনি। সে তখনও 'পুরানো বাংলার মেয়ে' যার 'একদিন ঘর হইতে আঙিনা বিদেশ'। কিংবা 'কর্তার ঘোড়া দেখে রাসসুন্দরী' কবিতায় উঠোনে কর্তার মহিমময় ঘোড়ার সামনে আসার সাহসটুকুও সঞ্চিত হয়নি তাঁর–

"নষ্ট মধ্যাহ্নের বেলা রাশি রাশি ধানে যায় ভেসে
কর্তার প্রতিভূ ঘোড়া আঙিনার দুয়ার আটকিয়ে
দাঁড়িয়েছে সব ঢেকে তেরোশো পাঁচের বাংলাদেশে।"[১৯]

রাসসুন্দরী দেবী প্রথম মহিলা যিনি আত্মজীবনী লেখেন 'আমার জীবন' নামে। বিশ্বের দরবারে নারীর অগ্রগতি হলেও বাংলার নারীর অবস্থানের খুব একটা অগ্রগতি হয়নি, তখনও পুরুষতন্ত্রের শক্তি তার দুয়ার আটকে দাঁড়িয়ে আছে, তার থেকে তখনও সে বেরিয়ে আসতে পারেনি।

একটি অগ্রন্থিত কবিতা 'লিব্ আন্দোলনের বিপক্ষে ঈশ্বরের পদপ্রান্তে' কবিতায় পাই কবির মূল্যবান মন্তব্য। The Women's Liberation Movement (WLM) কেই লিব্ আন্দোলন বলা হয়, যা Radical Feminism এর অন্তর্গত, ১৯৬০ - ১৯৮০ পর্যন্ত চলেছিল। রাজনীতি, বৌদ্ধিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে নারীর সমমর্যাদার দাবীতে সোচ্চার হয়ে লিব্ আন্দোলনের জন্ম হয়। গীতা চট্টোপাধ্যায় ১১.১১.১৯৭১ সালে লিব্ আন্দোলনের বিপক্ষে ঈশ্বরের কাছে নিবেদন জানান–

"নিজেকে কী তুমি ভাবো, নতজানু যখন পুরুষ
পদপ্রান্তে আত্মহারা এনে রাখতে চেয়েছে চুম্বন ?

তখন কি মহীয়সী দেবীর মতন আলৌকিক
চালচিত্রে বন্দী হলে মূর্তমহিমার আলম্বন ?

তখন কি করুণার দানপাত্র হাতে ধীরস্থির
অভিনয় করে গেছ দয়াবতী প্রাচীন রাজ্ঞীর ?"[২০]

আসলে কবি সমান মর্যাদার প্রত্যাশী। তাই 'নতজানু পুরুষ' বা 'অদ্বিতীয় ঈশ্বরের মতো অহংকারী ' নারীসত্তার ও বিপক্ষে। নারী-পুরুষের পাশাপাশি অবস্থান ও যুগলবন্দিতেই সুন্দর সমাজের জন্ম - এই তাঁর গভীর প্রত্যাশা। জীবনের শেষ দিকের কবিতাগুলিতে আবার কবির সুরে খানিকটা বদল এসেছে। 'মনুসংহিতা'র ২/২১৩ শ্লোকটিতে আছে– 'স্বভাব এষ নারীণাং নরাণামিহ দূষণম্' অর্থাৎ 'ইহলোকে পুরুষকে দূষিত করাই নারীর স্বভাব'। চাঁদ অনেক কলঙ্ক মেখেও অপূর্ব নেশা লাগায়, কস্তুরী অপূর্ব গন্ধ দেয়। নারীকে দোষারোপ করে দূরে সরালে পড়ে থাকে 'শুধু এক বিষাদ বিজন' 'বুকভর্তি পরবাস'। নারী তার আপন স্বভাবে অপূর্ণতাকে পূর্ণতায় ভরে দেয়। কবি এই শ্লোকটিকে ব্যাখ্যা করেছেন এক পূর্ণতার দৃষ্টিতে। নারীর পিতৃতন্ত্র নির্দিষ্ট এই আপাত অপূর্ণতার পরেও তার প্রকৃত প্রয়োজনীয়তা আছে। আবার 'মনসামঙ্গল' কাব্যের কাহিনিকে নতুনভাবে ব্যাখ্যা করেছেন 'বেহুলা জোয়ার' কবিতায়। কালনাগিনীর বিষে চাঁদ সদাগরের পুত্র এবং বেহুলার স্বামী লখিন্দরের মৃত্যু হয়েছে সাঁতালি পর্বতে। লখিন্দরের মৃতদেহকে কলার মান্দাসে নিয়ে ভেসে যায় বেহুলা, দেবতাদের মুগ্ধ করে প্রাণ ফিরে পায় স্বামীর। মনসামঙ্গলের এই কাহিনির নবব্যাখ্যা পাই এ কবিতায়। বিষজর্জরিত লখিন্দরের দেহটিকে কবি কল্পনা করেন 'শতাব্দীর সাপে কাটা দেহ' হিসাবে। ত্রিপূর্ণি, ভীষণ ক্ষারজলের নদী। বেহুলা লখিন্দরকে নিয়ে এই নদীর জলেই ভেসে গিয়েছিল। এই নদীপ্রবাহ হল সময়ের প্রবাহ আর শতাব্দীর ঘুণেধরা ক্ষত বিক্ষত দেহ হল মৃত লখিন্দর। বিশ্বাসহীনতা, সন্দেহ, আশঙ্কা প্রভৃতি ক্ষয়ীভূত মূল্যবোধে লাঞ্ছিত শতাব্দী, মৃতদেহের মতো। বেহুলা শত বাধা এড়িয়েও তার মান্দাস ভাসায় জীবনের প্রত্যাশায়। কবি এই বিশ্বাসকেই 'জোয়ার' বলেছেন। দৃঢ় বিশ্বাস বা প্রত্যয়ের ফলেই বেহুলা জীবন আনে মৃতদেহে। আমাদের হারানো বিশ্বাস আর প্রত্যয় ফিরে পেলে আবার জেগে উঠবে শতাব্দী। মনের মধ্যেকার বিকার দূর হলেই নতুন প্রত্যাশার জন্ম হবে।

এইভাবে ভিন্ন কবির ভাষায় উদ্ভাসিত হয়েছে নারীভাষার বিচিত্র অভিমুখ।

৩.

কবিতার শব্দ প্রত্যেক কবির কাছে পৃথকভাবে আসে। কবিতা সিংহ নিজে আত্মসমালোচনা করেছেন নিজের শব্দপ্রয়োগের জন্য, তিনি বলেন–

"বন্ধুরা, শত্রুরা, ভাইসব !
আপনারা আমাকে কেউ দয়া করে নিহত করুন।
কারণ শব্দের সেই অক্ষর মন্দির আমি ম্লেচ্ছ করেছি।"[২১]

কবিতায় রূঢ় শব্দ প্রয়োগের জন্য তিনি ক্ষমাপ্রার্থী।
নবনীতা দেবসেনের কাছে শব্দ অভিমানী, তিনি বলেন -

"শব্দেরা দাঁড়িয়ে থাকে
ঠিক যেন আকাশের গায়ে

সূর্যাস্তের অসম্ভব বর্ণাঢ্য বিনয়
অসংলগ্ন, অধরা, একাকী -"[২২]

তাঁর কাছে কবিতার ভাষা 'স্বাগত দেবদূতে'র মতো, বেশি মনোযোগ চায়। কেতকী কুশারী ডাইসন বলছেন তাঁর কাছে নিজের লেখাগুলি মিশ্র অনুভূতির ফসল–

"..... ঐ দ্যাখো, মিশে যাচ্ছে
জলে জল, শব্দের সমুদ্রে
তোমার কথা, আমার কথা,
তোমার কবিতা, আমার কবিতা,
আমাদের ভালোবাসারা।"[২৩]

বিভিন্ন কবির ভাবনা মিশে গিয়ে তাঁর কবিতার ভাষা এক অনন্ত 'শব্দসমুদ্র' তৈরি করে। গীতা চট্টোপাধ্যায়ের কাছে এই ভাষা একদম ভিন্নভাবে আসে। তিনি বলেন–

"নরম নক্ষত্র নামে স্বর্গ থেকে আত্মার মতন
বইয়ের মলাট থেকে শব্দ রেশমি ঝালরে লুটোয়
জন্মশিরে টইটুম্বুর দশ-দশটা আলতাগোলা বাটি
কবিতা লেখার আগে শব্দ করে কবিকে চুম্বন।"[২৪]

অন্তর্লোক বিধৌত করে স্বর্গীয় বিশুদ্ধ আত্মার মতন তাঁর কাছে শব্দ আসে।

অর্থাৎ একটি বিষয় - কবিতার শব্দ, পৃথক চারজন কবির কাছে কিভাবে সেই শব্দ আসে ও ব্যবহৃত হয় সেকথা রইল। নারীভাষার মধ্যে নারীর নিজের কথা থাকলেও তা বহুমাত্রায় ব্যবহৃত হয় এবং সমৃদ্ধ এক ভাষা পরিসর নির্মাণ করে।

উপসংহার

১৯৭৫ সালে Hélène Cixous, 'Écriture féminine' (women's writing) এর কথা বলেছেন। ১৯৭৯ সালে Elaine Showalter 'Gynocriticism' (Study of Women's writing) এর কথা বলেছেন। এর অনেক আগেই বাংলা কবিতায় নারীর নিজস্ব ভাষাপথ রচনার পর্ব শুরু হয়েছিল। কারও ভাষার তীব্রতা বেশি, কারও ভাষার অন্তর্লীন সুরে বাজে রাগিণী, কেউ বা সরলভাষায় বুনে যান বিশ্বের জলছবি, কেউ বা প্রজ্ঞায় সম্পৃক্ত করেন তাঁর কবিতার ভাষাকে। আবার ভাবনার বহিঃপ্রকাশেও আছে বিচিত্র বিচ্ছুরণ। সব মিলিয়েই সমৃদ্ধ এই নারীভাষার ভাণ্ডার। নির্বাচিত চারজন কবির কবিতার মধ্য দিয়ে এই ভাষার অতিসংক্ষিপ্ত রূপরেখা দেওয়া হল। একাধিক কবি অনালোচিত থাকল এখানে। এই পথটি সুবিস্তৃত হচ্ছে ক্রমাগত, যা আগামী দিনের আলোচ্য হতে পারে।

তথ্যসূত্র

১. Sukumar Sen, *Women's Dialect In Bengali, Calcutta University* 1928, JIJNASA Publishing Department, Calcutta - 700009, P. 1r

২. Robin Tolmach Lakoff, *Language And Woman's Place (Text and commentaries)*, Mary Bucholtz (Edited by), 2004, Oxford University Press, New York - 10016, P.39,40

৩. কবিতা সিংহ, 'না', *কবিতাসংগ্রহ ১*, সুমিতকুমার বড়ুয়া (সম্পাদনা), নভেম্বর ২০১৯, দে'জ পাবলিশিং, কলকাতা - ৭৩, পৃ. ৫১

৪. প্রাগুক্ত, 'সম্রাজ্ঞী', পৃ. ৬৫

৫. প্রাগুক্ত, 'জ্বলন্ত রমণী চলে যায়', পৃ. ৯৭

৬. প্রাগুক্ত, 'আমি ত কবেই চলে গেছি', পৃ. ৯৩

৭. প্রাগুক্ত, 'স্বয়ংক্রিয়', পৃ. ৮৫

৮. প্রাগুক্ত, 'এস্টাব্লিশমেন্ট', পৃ. ১২৬

৯. নবনীতা দেবসেন, 'পুষ্পিত প্রহার', *নবনীতা দেবসেনের শ্রেষ্ঠ কবিতা*, ষষ্ঠ সংস্করণ - অগ্রহায়ণ ১৪২৬, দে'জ পাবলিশিং, কলকাতা - ৭৩, পৃ. ৪২

১০. প্রাগুক্ত, 'নাজমা', পৃ. ১৬৭

১১. প্রাগুক্ত, 'ধর্ষণরাত্রির স্মৃতি', পৃ. ১৭৭

১২. কেতকী কুশারী ডাইসন, 'পিছুটান', *কবিতাসমগ্র ১*, প্রথম সংস্করণ - সেপ্টেম্বর ২০১৫, সিগনেট প্রেস, কলকাতা - ০৯, পৃ. ৩

১৩. প্রাগুক্ত, 'নালন্দার পথে', পৃ. ১২৫

১৪. প্রাগুক্ত, 'ঘর', পৃ. ১১৩

১৫. প্রাগুক্ত, 'একটি খবর পড়ে', পৃ. ২৪৩

১৬. প্রাগুক্ত, 'ঈভের বিলাপ', পৃ. ২৭৬

১৭. গীতা চট্টোপাধ্যায়, *কবিতাসংগ্রহ*, জানুয়ারি ২০১৬, আদম, নদীয়া - ৭৪১১০১, পৃ. ভূর্জপত্র

১৮. প্রাগুক্ত, 'মনসার সর্পসজ্জা', পৃ. ১৫৭

১৯. প্রাগুক্ত, 'কর্তার ঘোড়া দেখে রাসসুন্দরী', পৃ. ১৬০

২০. প্রাগুক্ত, 'লিব্ আন্দোলনের বিপক্ষে ঈশ্বরের পদপ্রান্তে', পৃ. ৩১২

২১. কবিতা সিংহ, 'অসমাপ্ত কবিতা', *কবিতাসংগ্রহ ১*, সুমিতকুমার বড়ুয়া (সম্পাদনা), নভেম্বর ২০১৯, দে'জ পাবলিশিং, কলকাতা - ৭৩, পৃ. ৮১

২২. নবনীতা দেবসেন, 'হায় শব্দ', *নবনীতা দেবসেনের শ্রেষ্ঠ কবিতা*, ষষ্ঠ সংস্করণ - অগ্রহায়ণ ১৪২৬, দে'জ পাবলিশিং, কলকাতা - ৭৩, পৃ. ৫১

২৩. কেতকী কুশারী ডাইসন, 'একেকসময়', *কবিতাসমগ্র ১*, প্রথম সংস্করণ - সেপ্টেম্বর ২০১৫, সিগনেট প্রেস, কলকাতা - ০৯, পৃ. ২১০

২৪. গীতা চট্টোপাধ্যায়, 'কবিকে তখন শব্দ', *কবিতাসংগ্রহ*, জানুয়ারি ২০১৬, আদম, নদীয়া - ৭৪১১০১, পৃ. ২০১

BL College Journal
Full PDF
www.blcollege.edu.bd
ISSN 2664-228X (Print)
ISSN 2710-3684 (Online)
Volume -IV, Issue-I, July 2022
Pp. 21-29

বৈষ্ণব পদাবলী সাহিত্যে চণ্ডীদাস বিতর্ক

ড. সুদেষ্ণা বণিক

সারসংক্ষেপ

বৈষ্ণব পদাবলী সাহিত্যে চণ্ডীদাসের স্থান বিশেষভাবে উল্লেখযোগ্য। চৈতন্য-পূর্ববর্তী সময় থেকেই রাধাকৃষ্ণের লীলা সংক্রান্ত পদ রচনায় ও এই সমস্ত পদে প্রেম ও ভক্তির সংমিশ্রণে দিব্যভাবের প্রকাশ ঘটানোয় চণ্ডীদাসের কৃতিত্ব অতুলনীয়। স্বকীয় কাব্য প্রতিভার বৈশিষ্ট্যে চণ্ডীদাস বাংলা পদাবলী সাহিত্যে ও আপামর বাঙালি মানসে এক অনন্যসাধারণ উচ্চাসনে অধিষ্ঠিত। চণ্ডীদাসের পদাবলী স্বয়ং মহাপ্রভু শ্রীচৈতন্যকেও অপার্থিব আনন্দে আপ্লুত করত। তাই পদাবলী সাহিত্যের এই মহান স্রষ্টা যুগের পর যুগ ব্যাপী বাঙালি সুধী সমাজের আলোচ্য ব্যক্তি ও জনমানসের হৃদয়ের কবি হিসেবে স্ব-মহিমায় প্রতিষ্ঠিত।

তবে বৈষ্ণব সাহিত্যে এই 'চণ্ডীদাস' নামের অন্তরালে একাধিক বা বহু ব্যক্তির অস্তিত্ব বর্তমান। প্রাক্ চৈতন্য ও চৈতন্যোত্তর যুগে 'চণ্ডীদাস' নামের একাধিক কবি থাকায় পদাবলী সাহিত্যের সর্বাধিক জনপ্রিয় কবিকে স্বতন্ত্রভাবে চিহ্নিত করা দুষ্কর। যদিও চৈতন্যোত্তর কালের 'চণ্ডীদাস' নামধারী কবিরা কেউ 'দীন', কেউ 'সহজিয়া' উপাধি ব্যবহার করেছেন বলে তাঁদের পৃথকভাবে চিহ্নিত করা তুলনামূলকভাবে সহজ। কিন্তু মূল সমস্যা হল প্রাক্ চৈতন্য যুগের চণ্ডীদাস, যিনি তাঁর রচনাশৈলী দ্বারা মহাপ্রভুকেও ভাবাবেশে আচ্ছন্ন করতেন, তাঁর পরিচয় উদ্ধার করে তাঁকে চিহ্নিত করা। আলোচ্য গবেষণা পত্রের মূল উদ্দেশ্য হল বৈষ্ণব পদাবলীর সর্বাধিক সম্মানিত ও আদৃত পদকার চণ্ডীদাস সম্পর্কে পূর্বাপর গবেষণা ও আলোচনার নিরিখে একটি সর্বজনস্বীকৃত সিদ্ধান্তে পৌঁছানো।

ড. সুদেষ্ণা বণিক
পিএইচডি (কণ্ঠসঙ্গীত, কীর্তন)
রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত
e-mail: banik_sudeshna13@.yahoo.com

মূলশব্দ

কীর্তন, পদাবলী, মহাজন, পদকর্তা

ভূমিকা

বৈষ্ণব পদাবলী সাহিত্যে প্রধান ব্যক্তি অর্থাৎ পদ রচয়িতাদের বলা হয় মহাজন। যেকোনো পদ রচনায় উদ্দিষ্ট তথা প্রধান বিষয় যদি হন ইষ্টদেবতা শ্রীকৃষ্ণ বা শ্রীমতি রাধারানী অথবা মহাপ্রভু শ্রীচৈতন্য, তবে অন্য প্রধান

ব্যক্তি হলেন স্বয়ং পদকর্তা তথা মহাজন যিনি ভণিতায় অর্থাৎ পদের শেষাংশে নিজের নামটি উল্লেখ করেন। আজও পদাবলী কীর্তন পরিবেশনকালে পদকর্তার নামোচ্চারণের সময় গায়ক ও বাদকগণ মাথা নত করে তাঁকে সম্মান প্রদর্শন করেন।

বৈষ্ণব পদাবলীতে কয়েকজন পদকর্তা তথা মহাজনকে বিশেষ মান্যতা দেয়া হয়। এর প্রধান কারণ তাঁদের অবিস্মরণীয় রচনাশৈলী, অপার্থিব ভক্তিভাব, অপূর্ব শব্দচয়ন ও ইষ্টের প্রতি সম্পূর্ণ সমর্পণ ইত্যাদি। আরও একটি বিষয় এক্ষেত্রে প্রাধান্য পেয়ে থাকে, আর সেটি হল মহাপ্রভু শ্রীচৈতন্যের ভাবাবেগ। এটি বিশেষত চৈতন্য পূর্ববর্তী মহাজনদের ক্ষেত্রেই প্রযোজ্য। আর এই প্রসঙ্গে যাঁদের নাম উল্লেখ্য তাঁরা হলেন কবি জয়দেব গোস্বামী, বিদ্যাপতি ঠাকুর এবং চণ্ডীদাস। আমাদের বর্তমান গবেষণাপত্রের মূল উদ্দেশ্য হচ্ছেন এই চণ্ডীদাস যাঁর পদ শ্রবণ করে মহাপ্রভু ভাবাবিষ্ট হয়ে পড়তেন।

পদ্ধতি

বর্তমান গবেষণামূলক প্রবন্ধে পূর্বতন গবেষণা গ্রন্থসমূহ থেকে বিভিন্ন মতবাদ বিচার-বিশ্লেষণ পূর্বক আলোচনা সাপেক্ষে গ্রহণ-বর্জনের মাধ্যমে একটি নতুন মত প্রতিষ্ঠিত করার চেষ্টা হয়েছে। এখানে মূলত বর্ণনামূলক পদ্ধতিই অনুসৃত হয়েছে।

বিশ্লেষণ

বৈষ্ণব পদাবলী সাহিত্য সম্পর্কে কিছু জ্ঞান রাখা মানুষ মাত্রেই জানেন যে এখানে পদকর্তা চণ্ডীদাস বিশেষ মর্যাদার আসনে অধিষ্ঠিত। আবার আমরা এটাও জানি যে বৈষ্ণব পদাবলী সাহিত্যে এই 'চণ্ডীদাস' নামে একাধিক বা বহু ব্যক্তি রয়েছেন। তবে চৈতন্যোত্তর যুগে 'চণ্ডীদাস' নামধারী কবিরা নিজেদের নামের পূর্বে বিভিন্ন উপাধি ব্যবহার করেছেন বলে তাঁদের পৃথকভাবে চিহ্নিত করা যায়। কিন্তু মূল সমস্যা হয় প্রাক্ চৈতন্য যুগের চণ্ডীদাসকে নিয়ে যিনি তাঁর রচনার মাধুর্যে মহাপ্রভুকে ভাবাবেগে আচ্ছন্ন করতেন। এই চণ্ডীদাস এক ছিলেন না একাধিক ব্যক্তি, সেটা নিরূপণ করাই আমাদের বর্তমান গবেষণার মূল লক্ষ্য।

যদিও এই বিষয়ে বিশিষ্ট গুণীরা তাঁদের মূল্যবান মতামত ব্যক্ত করেছেন আপন আপন জ্ঞান ও অভিজ্ঞতার আলোকে, তবুও প্রামাণ্য অভাবহেতু তাঁরা কেউই সুনির্দিষ্ট কোনো সিদ্ধান্তে পৌঁছতে পারেননি। আমরা সেইসব মতবাদের একটা সংক্ষিপ্ত তুলনামূলক আলোচনা করে ও বিভিন্ন ঘটনার সম্ভাবনার দিক তুলে ধরে এই সমস্যার এক সাধারণ যুক্তিনির্ভর আনুমানিক সমাধান খুঁজে বের করার চেষ্টা করব।

চণ্ডীদাস রচিত পদসমূহ সম্পর্কে বিশিষ্ট বাংলা ভাষাবিদ ড. অসিতকুমার বন্দ্যোপাধ্যায় তাঁর 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (প্রথম খণ্ড)' গ্রন্থে বলেছেন, "...চণ্ডীদাসের পদাবলী বাঙালির কাছে পরম ভক্তি, আরাম ও আনন্দময় শিল্পরসে পরিণত হইয়াছে। বিদ্যাপতির পদে বাঙালি বিস্মিত হইয়াছে, মুগ্ধ হইয়াছে; কিন্তু চণ্ডীদাসের পদে সে মনের প্রশান্তি, স্নিগ্ধতা ও আত্মনিবেদনের একনিষ্ঠতা খুঁজিয়া পাইয়াছে; চণ্ডীদাসের পদাবলী তাই শুধু পদাবলী মাত্র নহে, সারস্বত বৈশিষ্ট্যই ইহার একমাত্র ফলশ্রুতি নহে...।"[১] বিশিষ্ট ভাষাতাত্ত্বিক শ্রী দীনেশচন্দ্রের

একটি উক্তিও এই প্রসঙ্গে ড. বন্দ্যোপাধ্যায় উদ্ধৃত করেছেন, "চণ্ডীদাসের ভাবসম্মেলনের পদাবলী স্তোত্ররূপে পাঠ করা যায়। ততোধিক প্রশংসা করিলেও বোধহয় অন্যায় হইবে না। সেগুলির মতো প্রেমের সুগভীর মন্ত্র ধর্মপুস্তকেও বিরল।"[২] বাংলা ভাষা ও সাহিত্যের আরেক পণ্ডিত ব্যক্তি শ্রী শঙ্করীপ্রসাদ বসু তাঁর 'চণ্ডীদাস ও বিদ্যাপতি'-তে বলেছেন, "চণ্ডীদাস কবিতাপস। এত অনাবরণ, অনির্বাণ, আত্মবান কবি আর কে?.....এত শান্ত, সুস্থির, শিশিরবিন্দুর সুকুমারতায় স্নিগ্ধ পদকার আর কেউ আছেন কিনা সন্দেহ। চণ্ডীদাসের পদে করুণ মরণের সন্ধ্যাছায়ার অমর প্রেমের দীপশিখা।"[৩]

চণ্ডীদাস সম্পর্কে বাংলা সাহিত্যের মহাজ্ঞানী গবেষকদের এমন আলোচনা তথা বিশ্লেষণ থেকে সহজেই অনুমেয় যে বাংলা পদাবলী সাহিত্যে তাঁর গুরুত্ব ও মর্যাদা কতটা। তাই তো যুগের পর যুগ ধরে চণ্ডীদাস সম্পর্কে পাঠককুলের প্রচণ্ড কৌতূহল বিদ্যমান। এই মহান কবির প্রকৃত জীবন বৃত্তান্ত সম্পর্কে অজ্ঞতার ফলে তাঁকে নিয়ে অজস্র কল্পকাহিনী ও গল্পগাথা গড়ে উঠেছে। 'চণ্ডীদাস' নামের মাহাত্ম্যে প্রভাবিত হয়ে পরবর্তীতে তাঁরই মত মহত্ত্ব ও অমরত্ব অর্জনের লক্ষ্যে বহু কবি এই নাম ধারণ করে বৈষ্ণব পদ রচনা করেছেন। ফলে বিভিন্ন পদাবলীর ভণিতা তথা শেষাংশে বড়ু, দ্বিজ, দীন ইত্যাদি মিলেমিশে একাকার হয়ে গেছে। একইভাবে তাঁর জীবন কাহিনীর ক্ষেত্রেও বহু কথিত তথা কল্পিত ঘটনার এমন মিশ্রণ ঘটেছে যে এর থেকে প্রকৃত তথ্য খুঁজে বের করা প্রায় অসম্ভব।

চণ্ডীদাসের পদাবলী আপামর বঙ্গ সমাজে এতটাই জনপ্রিয় যে তাঁর সম্পর্কে সমালোচকদের মুগ্ধতাও অবিসংবাদিত। কিন্তু এই মুগ্ধতা হঠাৎ বাধাপ্রাপ্ত হয় যখন ১৯১০ খ্রিস্টাব্দে (১৩১৬ বঙ্গাব্দে) বনবিষ্ণুপুরের নিকটস্থ কাঁকিল্যা নিবাসী প্রভুপাদ শ্রীনিবাস আচার্যের দৌহিত্র বংশধর দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের কাছ থেকে বাসলীসেবক বড়ু চণ্ডীদাস রচিত এক বৃহৎ কাব্যগ্রন্থ আবিষ্কৃত হয়। এই পুঁথির আবিষ্কর্তা শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ প্রাচীন বাংলা সাহিত্যের মহাপণ্ডিত ব্যক্তিত্ব। তিনি এবং প্রসিদ্ধ লিপিতত্ত্ব বিশারদ ও ঐতিহাসিক শ্রী রাখালদাস বন্দ্যোপাধ্যায় ১৩২৩ বঙ্গাব্দে (১৯১৬ খ্রিস্টাব্দে) সাহিত্য পরিষদ পত্রিকায় উক্ত পুঁথির লিপি বিচার ও বিশ্লেষণ করে একে মধ্যযুগের বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম নিদর্শন বলে মত প্রকাশ করেন। এই মতের ভিত্তিতেই তাঁরা উল্লিখিত গ্রন্থের রচয়িতা বড়ু চণ্ডীদাসকেই আদিতম চণ্ডীদাস বলে স্বীকৃতি দেন।

শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় পূর্বোক্ত গ্রন্থটি 'শ্রীকৃষ্ণকীর্তন' নাম নিয়ে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে ১৯১৬ খ্রিস্টাব্দে (১৩২৩ বঙ্গাব্দ) প্রকাশিত হয়। আর এই গ্রন্থ প্রকাশিত হওয়ার সাথে সাথেই পাঠক ও বোদ্ধামহলে তীব্র বিস্ময় ও বিতর্কের সূত্রপাত ঘটে। কারণ এই গ্রন্থের ভাব ও ভাষা পূর্ব-প্রচলিত চণ্ডীদাস-পদাবলীর প্রায় বিপরীত। এই প্রসঙ্গে ড. অসিতকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন, "...বড়ু চণ্ডীদাস চৈতন্যদেবের পূর্বে আবির্ভূত হইয়া ভাগবত অবলম্বনে প্রচুর পাণ্ডিত্য ও কবিত্বসহ রাধাকৃষ্ণের লীলা-বিষয়ক এক বিরাট আখ্যানকাব্য রচনা করিয়াছিলেন। এই লীলার বিন্যাস ও পর্যায় মোটামুটি পুরাণ-অনুসারী; কবি 'গীতগোবিন্দে'র দ্বারাও প্রভাবিত হইয়াছিলেন এবং কোনো কোনো স্থলে স্থানীয় লোকসংস্কারকেও গ্রহণ করিয়াছিলেন। অলংকারশাস্ত্র, পৌরাণিক কাহিনী, সংস্কৃত ভাষা ইত্যাদিতে তাঁহার সবিশেষ নিপুণতা ছিল। অবশ্য তাঁহার রুচি আধুনিককালের পাঠকের প্রীতিকর হইবে না। বিশেষত যাঁহারা পদাবলীর চণ্ডীদাসের উৎকৃষ্ট পদের ভাবরসে অভিষিক্ত, তাঁহারা এই কাব্যে

জুগুপ্সা ও রসাভাস লক্ষ্য করিয়া বিষণ্ন হইবেন। সনাতন গোস্বামীর 'বৈষ্ণবতোষণী'র টীকায় "শ্রীচণ্ডীদাসাদি দর্শিত দানখণ্ড নৌকাখণ্ডাদি প্রকারাশ্চ জ্ঞেয়াঃ" উক্তিতে বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তনের অন্তর্গত দানখণ্ড ও নৌকাখণ্ডকে নির্দেশ করা হইয়াছে কিনা সুদৃঢ় নিশ্চয়তার সঙ্গে তাহা বলা যায় না। চৈতন্যদেব বড়ু চণ্ডীদাসের এই আখ্যানকাব্য আস্বাদন করিতেন, অথবা করিতেন না, তাহাও জোর করিয়া বলা মুশকিল।

'শ্রীকৃষ্ণকীর্তনে'র বংশীখণ্ড ও রাধাবিরহের কিছু কিছু পদে প্রাণঢালা বেদনার সুর যে নাই, তাহা নহে...সে সমস্ত পদে চৈতন্যদেবের বিরহতাপিত চিত্ত কথঞ্চিত শান্তিলাভ করিতে পারিত। কিন্তু কাব্যপরিকল্পনায়, কৃষ্ণচরিত্রাঙ্কনে ও বৃন্দাবনখণ্ডের পূর্ববর্তী খণ্ডসমূহে কাহ্ন ও রাধাচন্দ্রাবলীর ব্যবহার, উক্তি ও আচরণে সংগতি রক্ষিত হয় নাই, অলংকারশাস্ত্রমতে এই সমস্ত বর্ণনার অনেক স্থলেই রসের ব্যতিক্রম হইয়াছে। 'শ্রীচৈতন্যচরিতামৃত' হইতে জানা যাইতেছে যে, রসাভাসযুক্ত কাব্য শুনিলে মহাপ্রভু অত্যন্ত ক্রুদ্ধ হইতেন। এইজন্য মহাপ্রভুকে কোনো রচনা শুনাইবার পূর্বে স্বরূপ-দামোদর তাহা পাঠ করিয়া দেখিতেন, তাহাতে কোনও প্রকার রসের ব্যত্যয় ঘটিয়াছে কিনা। চৈতন্যদেবের মনোভাব বিচার করিলে শ্রীকৃষ্ণকীর্তনে বর্ণিত রাধার প্রতি কৃষ্ণের বলপ্রকাশ এবং স্থূল দেহাসক্তির অমার্জিত বর্ণনায় মহাপ্রভুর বিরহলীন চিত্তের প্রদাহ বাড়িত বৈ কমতো না। বড়ু চণ্ডীদাসের ভাষা ও বাকরীতির মধ্যে একটা বলিষ্ঠ, স্থূল ও অমার্জিত স্বাভাবিক গ্রাম্যতা আছে, যাহার বিচিত্র রস বিস্ময়কর, শিল্পকৌশলও নিন্দনীয় নহে; কিন্তু ঠিক এই উদ্দাম দেহসম্ভোগজনিত অনাবৃত আকাঙ্ক্ষার উত্তপ্ত ফেনোচ্ছ্বাস মহাপ্রভু কতটা সহিতে পারিতেন, তাহাও চিন্তার বিষয়।"[৪]

আবার পূর্বেই জনপ্রিয় হয়ে ওঠা চণ্ডীদাসের পদাবলী সম্পর্কে ড. মুহম্মদ শহীদুল্লাহ বলেছেন, "ইহার ভাব ও ভাষা বড়ু চণ্ডীদাসের বিরুদ্ধে। ইহাতে সাত্ত্বিক প্রেম আছে, মদনজ্বালা নাই।"[৫]

কিন্তু বিরুদ্ধ সমালোচনার মতই এর স্বপক্ষ-সমালোচনাও বিরল নয়। মধ্যযুগের বাংলা ভাষার আদিতম নিদর্শন হিসেবে 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর ভাষা ও বাচনভঙ্গির স্বপক্ষে মতামত ব্যক্ত করেছেন একাধিক জ্ঞানীজন। এঁদের মধ্যে বিশিষ্ট কীর্তন বিশেষজ্ঞ ড. হরেকৃষ্ণ মুখোপাধ্যায় অগ্রগণ্য। তিনি সর্বাগ্রে অধিকারভেদের প্রশ্ন তুলে শ্রীকৃষ্ণকীর্তনের সমস্তরকম বিরুদ্ধ সমালোচনাকে নস্যাৎ করেছেন। উপরন্তু তিনি তাঁর 'বীরভূমি বিবরণ' গ্রন্থে শ্রীকৃষ্ণকীর্তন ও চণ্ডীদাস পদাবলীর পদসমূহকে তুলনা করে দুয়ের মধ্যে সামঞ্জস্য প্রমাণ করেছেন এবং পরিশেষে এই সিদ্ধান্ত করেছেন যে শ্রীকৃষ্ণকীর্তনের বিভিন্ন পদই সময়ের সাথে পরিবর্তিত হয়ে প্রচলিত ও জনপ্রিয় চণ্ডীদাস-পদাবলীতে রূপান্তরিত হয়েছে। অতএব, মহাপ্রভু ভাবোন্মাদ অবস্থায় এই বড়ু চণ্ডীদাসের পদ শ্রবণেই শান্তি পেতেন।

মধ্যযুগের ভাষা ও সাহিত্যরীতির নিরিখে এই কথা অনায়াসে বলা যায় যে সেইসময় সংস্কৃত সাহিত্যে আদিরসের সহজ ও সাবলীল বর্ণনাই ছিল প্রচলিত রীতি। বর্তমানে আধুনিক শিক্ষার প্রভাবে যে কোনো আদি রসাত্মক বর্ণনাই আমাদের কাছে দূষণীয় মনে হলেও সেই যুগে এ বিষয়ে কবি, পাঠক ও সমালোচকেরা উদার মনোভাবাপন্ন ছিলেন। এর কারণ বোধহয় যুগভেদে ও স্থানভেদে জনরুচির বিবর্তন। ঠিক এই কারণেই মধ্যযুগের 'কবিসার্বভৌম'[৬] বিদ্যাপতির রাধাকৃষ্ণ সূচক পদসমূহ তাঁর নিজ রাজ্য মিথিলায় অবহেলিত ও

অনাদৃত হয়েছিল নিছক শৃঙ্গার রসাত্মক পদ বা গান হিসেবে। অথচ বাঙালি বৈষ্ণব ভক্ত ও মহাজনেরা সেইসব পদ নিজেদের হৃদয়ের মণিকোঠায় উচ্চাসনে অধিষ্ঠিত করেছিল। আবার আদি রসাত্মক কাব্যের নিরিখে বিচার করতে গেলে জয়দেবের 'গীতগোবিন্দ'-ও সে দোষ থেকে মুক্ত নয়। অথচ মহাপ্রভু শ্রীচৈতন্য বিদ্যাপতির পদসমূহে ও গীতগোবিন্দের পদে বিশুদ্ধ ভক্তি ও সম্পূর্ণ আত্মসমর্পণ খুঁজে পেয়েছেন। তাই 'অশ্লীল আদি রসের ভাঁড়ারি' বলে শুধুমাত্র বড়ু চণ্ডীদাসকেই আখ্যায়িত করা বা তাঁকে ব্রাত্য করা বোধহয় খুব একটা যুক্তিসঙ্গত নয়। এই প্রসঙ্গে বিশিষ্ট সংগীত গবেষক শ্রী রাজ্যেশ্বর মিত্র বলেছেন, "শৃঙ্গারবহুল গীতগোবিন্দ শৃঙ্গাররসকে অতিক্রম করে শ্রেষ্ঠতর রসলোকে উত্তীর্ণ হতে পারেনি। কিন্তু শ্রীকৃষ্ণকীর্তন মানব-হৃদয়ের চিরন্তন দুঃখ এবং চিরন্তন প্রাপ্তি এই দুটিকেই উদ্ঘাটিত করে প্রেমের একটা শাশ্বত রূপকে তুলে ধরেছেন। এতখানি আত্মসম্বরণ, এতখানি আত্মসমর্পণ, এত আনন্দ, এত দুঃখ- কোনোটাই গীতগোবিন্দের পরিকল্পনায় নেই। জয়দেবের পরিকল্পনায় ছিল সম্পূর্ণ সম্ভোগ আর বড়ু চণ্ডীদাসের পরিকল্পনায় ছিল সম্ভোগকে অতিক্রম করে আরও বড়ো পাওয়ার আবেগ এবং আকাঙ্ক্ষা। তাই তিনি বিরহ-খণ্ডের অবতারণা করেছেন। তথাপি গীতগোবিন্দ পরমসমাদরে শত শত বৎসর ধরে গীত হয়ে আসছে আর বড়ু চণ্ডীদাসের কাব্য বিস্মৃতির গর্ভে তলিয়ে গেছে।..... স্বয়ং শ্রীচৈতন্য জয়দেবকে প্রচার করে গেছেন সমগ্র দক্ষিণ ভারতে। কিন্ত প্রাদেশিক ভাষায় রচিত একজন গ্রাম্য কবির কাব্য এতটা পৃষ্ঠপোষকত্বের দাবি করতে পারে না এবং বাংলা ভাষায় এতটা কোমলকান্ত পদাবলীর সৃষ্টিও তিনি করতে পারেননি- বোধহয়, করা সম্ভবও ছিল না। এই কারণেই হয়তো সংস্কৃতের অনুরাগী শ্রীচৈতন্য ছন্দোবদ্ধ পদাবলী ছেড়ে বাংলা এই কাব্যটির প্রতি আকৃষ্ট হননি; হলে হয়তো গীতগোবিন্দের মতো এই গীতগাথাটিও স্মরণীয় হয়ে থাকত।"[৭] তবে একই সাথে তিনি এই আশঙ্কাও ব্যক্ত করেছেন যে, এই শ্রীকৃষ্ণকীর্তন গ্রন্থটি হয়তো মহাপ্রভুর কাছে পৌঁছয়নি। অর্থাৎ চৈতন্য-জীবনীকাব্যকে সঠিক বলে ধরলে চৈতন্য-পূর্ববর্তী আরো একজন চণ্ডীদাসের অস্তিত্ব স্বীকার করে নিতে হয়। বহু জ্ঞানীজন মহাপ্রভুর প্রিয় চণ্ডীদাস পদাবলীর প্রসঙ্গে আর একজন চৈতন্য-পূর্ব চণ্ডীদাসের অস্তিত্বকে স্বীকৃতি দিয়েছেন 'আদি চণ্ডীদাস' তথা 'দ্বিজ চণ্ডীদাস' নামে।

আবার ড. হরেকৃষ্ণ মুখোপাধ্যায়ের সুরে সুর মিলিয়েছেন আচার্য রামেন্দ্রসুন্দর, শ্রী দীনেশচন্দ্র, ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়, শ্রী মণীন্দ্রমোহন বসু, শ্রী বসন্তরঞ্জন রায়, শ্রী নীলরতন মুখোপাধ্যায় প্রমুখ জ্ঞানীজন। এঁরা অধিকাংশই একাধিক চণ্ডীদাসের অস্তিত্বে বিশ্বাসী ছিলেন ঠিকই কিন্তু প্রাক্-চৈতন্য যুগের কবি হিসেবে বড়ু চণ্ডীদাসকেই এক এবং অদ্বিতীয় বলে মেনেছেন। এর কারণ হিসেবে শ্রীকৃষ্ণকীর্তনের 'কাল কোকিল রএ কাল বৃন্দাবনে' ও 'দেখিলোঁ প্রথম নিশী সপন সুনঁতো বসী'৮, এই দুটি পদের সাথে 'রাধাবিরহ' পর্বের চণ্ডীদাস ভণিতাযুক্ত পদের সাদৃশ্যকে দায়ী করা যায়। শুধু তাই নয়, সনাতন গোস্বামী বিরচিত 'বৈষ্ণবতোষণী'র টীকায় উদ্ধৃত শ্রীকৃষ্ণকীর্তনের 'দানখণ্ড' ও 'নৌকাখণ্ডের' উল্লেখও- 'শ্রীচণ্ডীদাসাদি দর্শিত দানখণ্ড নৌকাখণ্ডাদি প্রকারাশ্চ জ্ঞেয়াঃ।'[৯] তাঁদের বিশ্বাসকে দৃঢ়তর করে। "তাছাড়া, বড়ু চণ্ডীদাসের রচনারীতি যে চৈতন্য-পূর্ব যুগের ভাবধারাকেই সমর্থন করে, সেটাও বোধহয় একটা কারণ।"[১০]

